

শুরু হচ্ছে দ্বিতীয় পদার্থবিদ্যা অলিম্পিয়াড



রেশমা জাহান

পর্দা উঠছে বাংলাদেশ পদার্থবিজ্ঞান অলিম্পিয়াডের দ্বিতীয় আসরের। আন্তর্জাতিক অঙ্গনে এটা ৪৩তম আসর। ২০১১-তে পদার্থবিজ্ঞান অলিম্পিয়াডের আন্তর্জাতিক আসর বসেছিল থাইল্যান্ডে। আর এবার আসর বসবে এস্তোনিয়ায়।

সারা দেশে তাই শুরু হতে যাচ্ছে উপযুক্ত আগ্রহী শিক্ষার্থী সংগ্রহ। ৯ ডিসেম্বর প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে

বক্তারা বলেন, ‘আমাদের দেশে এখন বিজ্ঞানের প্রতি ভালোবাসা অনেক কমে গেছে। অনেকেই এখন আগ্রহ দেখাচ্ছে কমার্সের প্রতি। বিজ্ঞানের প্রতি এই আগ্রহ যেন শিশুদের মধ্যে আবার ফিরে আসে, তাই আমরা পদার্থবিদ্যা অলিম্পিয়াডের আয়োজন করছি।’ পদার্থবিদ্যা অলিম্পিয়াডে অংশ নিতে হলে আগে সেখানে রেজিস্ট্রেশন করতে হবে। সারা দেশকে এই উদ্দেশ্যে ভাগ করা হয়েছে সাতটি বিভাগে। আর সাতটি বিভাগে প্রতিটি ক্যাটাগরি থেকে ৬০ জন করে তিনটি ক্যাটাগরিতে মোট ৪২০ শিক্ষার্থী নির্বাচন করা হবে, যারা অংশ নেবে জাতীয় পদার্থবিদ্যা অলিম্পিয়াডে। আর এই ৪২০ জনের মধ্য থেকে জাতীয় পর্যায়ে ২০ শিক্ষার্থীকে নির্বাচন করা হবে। এখানে যে তিনটি ক্যাটাগরি আছে তার একটি হল ক্যাটাগরি ‘এ’। এই ক্যাটাগরিতে অংশ নেবে সপ্তম এবং অষ্টম শ্রেণীর শিক্ষার্থীরা। আরেকটি ক্যাটাগরি হল ক্যাটাগরি ‘বি’। এতে অংশ নেবে নবম এবং দশম শ্রেণীর শিক্ষার্থীরা। আর যারা ক্যাটাগরি ‘সি’-তে তারা একাদশ এবং দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থী। প্রতিটি বিভাগ থেকে মোট ৭৫০ শিক্ষার্থীকে নির্বাচন করা হবে এবং শিক্ষার্থীকে নিজেদের মোবাইলের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। আগামী জানুয়ারিতে শুরু হবে বিভাগীয় পর্যায়ের নির্বাচন। সেজন্য রেজিস্ট্রেশন করতে হবে আগেই। রেজিস্ট্রেশনের নিয়ম হল : নাম <স্পেস> জন্মতারিখ <স্পেস> শ্রেণী <স্পেস> যোগাযোগের জন্য মোবাইল নম্বর লিখে ০১৭৫৪২৯০১০০ (চট্টগ্রাম), ০১৫৫২৪৯৭৭৮৪ (সিলেট), ০১৭২২৯৯৪৬৭৭ (ঢাকা) নম্বরে এসএমএস করতে হবে। অন্যান্য বিভাগের নম্বর পরে জানানো হবে। এবার সারা দেশের অংশগ্রহণকারী শিক্ষার্থীদের লেখা দিয়ে সাজানো হবে স্যুভেনির।